



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
ফরিদপুর সদর, ফরিদপুর।  
(www.food.sedar.faridpur.gov.bd)



**১৯/১১/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত “উপজেলা খাদ্যবাহুব কমিটির” সভার কার্যবিবরণী:-**

সভাপতিঃ জনাব আবুল কালাম মো: লুৎফর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।  
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।  
তারিখঃ ১৯/১১/২০২৪ খ্রি. রোজঃ মঙ্গলবার, সকালঃ ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা বিবরণী পরিশিষ্ট “ক”।**


সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি মহোদয়ের সদয় অনুমতিক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব উপজেলা খাদ্যবাহুব কমিটি, ফরিদপুর সদর, ফরিদপুর খাদ্যবাহুব কর্মসূচি নীতিমালা, ২০২৪ সহ খাদ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত পরিপত্র পাঠ করে শোনান।

তিনি সভাকে জানান যে, খাদ্যবাহুব কর্মসূচি নীতিমালা, ২০২৪ ও পরিপত্রের আলোকে নীতিমালা জারীর ০৩(তিন) মাসের মধ্যে বিদ্যমান উপকারভোগীদের তালিকা যাচাই-বাছাই হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। ইউনিয়ন খাদ্যবাহুব কমিটির মাধ্যমে উক্ত তালিকা হালনাগাদ করতে হবে। এছাড়া খাদ্যবাহুব কর্মসূচি নীতিমালা, ২০২৪ অনুসারে নতুন করে ডিলার নিয়োগ পূর্বক তাদের মাধ্যমে আগামী মার্চ-এপ্রিল, ২০২৫ মাসের খাদ্যবাহুব কর্মসূচির কার্যক্রমে খাদ্যশস্য বিতরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। সে লক্ষ্যে নতুন করে ডিলার নিয়োগের নিমিত্তে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। তিনি সভায় আরও জানান, অত্র উপজেলার ১২(বারো) ২০,৭১২ জন উপকারভোগী পরিবার ও ৪১(একচল্লিশ)টি বিক্রয় কেন্দ্র রয়েছে।

অতঃপর সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ

- ১) ইউনিয়ন খাদ্যবাহুব কমিটি খাদ্যবাহুব কর্মসূচি নীতিমালা, ২০২৪ ও পরিপত্রের আলোকে ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে উপকারভোগী পরিবার নির্বাচন পূর্বক তালিকা হালনাগাদ করে অনুমোদনের জন্য উপস্থাপন করবেন;
- ২) উপজেলা খাদ্যবাহুব কমিটি প্রাপ্ত তালিকা সমূহ যাচাই-বাছাই করে অনুমোদন করবেন;
- ৩) চলমান বিক্রয় কেন্দ্র সমূহ যাচাই-বাছাই পূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে বিক্রয় কেন্দ্র পুন: নির্ধারণ পূর্বক কমিটির সভাপতি মহোদয় অনুমোদন করবেন;
- ৪) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব অনুমোদিত বিক্রয় কেন্দ্র প্রতি ০১(এক) জন করে ডিলার নিয়োগের নিমিত্তে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন;
- ৫) খাদ্যবাহুব কর্মসূচির ডিলার নিয়োগের জন্য স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
১৯/১১/২০২৪

(আবুল কালাম মো: লুৎফর রহমান)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি  
উপজেলা খাদ্যবাহুব কমিটি  
ফরিদপুর সদর, ফরিদপুর।

স্মারক নং ১৩.০১.২৯৪৭.০০২.৫৭.০০৯.২৩.৭২১(১৪)

তারিখঃ ১৯/১১/২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
২. জেলা প্রশাসক, ফরিদপুর।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
৫. উপজেলা ..... কর্মকর্তা, ফরিদপুর সদর, ফরিদপুর।
৬. সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, অধিকাণুর এল এস ডি-১, ফরিদপুর।
৭. সভাপতি, প্রেস ক্লাব, ফরিদপুর।
৮. চেয়ারম্যান(সকল),..... ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
৯. সচিব(সকল),..... ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
১০. জনাব.....।
১১. দপ্তর নথি।



(মোহাম্মদ আফজাল হোসেন)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব

উপজেলা খাদ্যবাহক কমিটি

ফরিদপুর সদর, ফরিদপুর।